হাসপাতালে অক্সিজেন সিলিন্ডার দিলেন হরিণাকুণ্ডু পল্লী সঞ্চয় ব্যাংক

কোভিড-১৯ এর ভয়াবহ সময়ে, করোনা রোগীদের পাশে দাড়াতে এবার এগিয়ে এলো পল্লী সঞ্চয় ব্যাংক। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকীতে, সারাদেশের ন্যায় ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পল্লী সঞ্চয় ব্যাংক এর পক্ষ থেকে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তরল অক্সিজেন সরবরাহ করা হয়। বুধবার (২৫ আগষ্ট) সকালে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তাদের হাতে এসব সিলিন্ডার হস্তান্তর করা হয়। এসময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গির হোসাইন, উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ, হরিণাকুণ্ডু পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা আরিফুজ্জামান, জুনিয়র অফিসার রিতা বিশ্বাস, ফিল্ড অফিসার রকিবুল ইসলাম রাজনসহ ইলেকট্রনিক্◌্র ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।
এসময় পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা আরিফুজ্জামান বলেন করোনার মহামারী অবস্থায় অসহায় মানুষের পাশে দাঁড়ানোর অংশ হসেবে অক্সিজেন সিলিন্ডার দেয়া হয়েছে।

জীবননগরে গাজাসহ মাদক সম্রাগী মর্জিনা আটক

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১ কেজি গাজাসহ মাদক সম্রাগী মর্জিনা আটক হয়েছে।গতকাল শুক্রবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার এস আই সাইদুজ্জামান,এ এস আই শরীফ হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর পৌর সভার ৫নং

ওর্য়াড লক্ষীপুর গ্রামে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন ।এ সময় লক্ষীপুর গ্রামের শুকুর আলীর স্ত্রী একাধীক মাদক মামলার আসামী মর্জিনা বেগমকে(৪৩) এক কেজি গাজাসহ আটক করে ।এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

মেহেরপুরে ২৯ জন করোনা আক্রান্ত! মৃত্যু-১

মেহেরপুরে নতুন করে ২৯ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২১ জন, গাংনী ৪ জন, মুজিবনগর ৪ জন।

বৃহস্পতিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৩৮ টি। তারমধ্যে ২৯ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৫৫ জন। তার মধ্যে সদরে ৬০ জন, গাংনীতে ৬৭ জন এবং মুজিবনগরে ২৮ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৭ জন । মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৬ জন ও মুজিবনগরে ৩৯ জন।

গাংনী পল্লী সঞ্চয় ব্যাংকের উদ্যোগে অক্সিজেন সিলিন্ডার

প্রদান

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদৎ বার্ষিকী উদযাপন উপলক্ষে দেশব্যাপী করোনায় আক্রান্ত রোগীদের চিকিৎসায় দেশের বিভিন্ন উপজেলায় ৫০০টি অক্◌্◌িরজেন সিলিন্ডার বিতিরণ করেছে পল্লী সঞ্চয় ব্যাংক। তারই ধারাবাহিকতায় মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার প্রদান করে গাংনী উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। বৃহস্পতিবার সকালে উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যাবস্থাপক আলমগীর কবির গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অক্সিজেন সিলিন্ডার প্রদান করেন।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের করোনা ইউনিটের চিকিৎসক সাদমান সাকিব অক্সিজেন সিলিন্ডার গ্রহন করেন।
এসময় উপস্থিত ছিলেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মোস্তফা জামান,পল্লী উন্নয়ন কর্মকর্তা শাহ আলম, প্রমুখ।

কুষ্টিয়ায় কমেছে নদীর পানি, বেড়েছে ভাঙন

চোখের সামনে ভেঙ্গে গেলো কুষ্টিয়ার শেখ রাসেল সেতুর পাদদেশে গড়াই নদীর কূলের ব্লক বাঁধ। এভাবে ভেঙে যাচ্ছে অথচ আমরা নির্বিকার। পানি উন্নয়ন বোর্ডের গাফিলতির কারনেই আজকের বেহাল দশা। এভাবেই কথাগুলো বলছিলেন হাটশ হরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম শম্পা মাহমুদ।

তিনি বলেন, হাটশ হরিপুর এলাকায় বাঁধের প্রায় ৪০ মিটার ব্লক গড়াই নদে বিলীন হয়েছে। ধসে পড়া বাঁধের পাশেই গ্রামের মানুষের বসতি। ব্লক ধসে পড়ায় বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টায় একটি বাড়ির কিছু অংশ ভেঙে পড়ে। গেলো এক সপ্তাহে অন্তত বেশ কয়েকটি বাড়ীঘর ও একটি দোকান চলে যায় নদীগর্ভে। এখনও ঝুঁকিতে আছে বাড়িঘরগুলো। নদ

কাজ হয়নি। হঠাৎ করে সেখানে পানির নিচ থেকে বুদ্বুদ উঠতে থাকে। একপর্যায়ে ব্লক বাঁধ ভাঙতে থাকে।

এ সময় তীরবর্তী বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পাকা দালানের বাসিন্দারা রাতের আঁধারের মধ্যে দ্রুত তাদের আসবাব অন্যত্র সরাতে শুরু করে।

কুষ্টিয়া পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) উপসহকারী প্রকৌশলী মোস্তাফিজুর রহমান জানান, এক ঘণ্টায় ৩০ মিটার ব্লকবাঁধ ভেঙে পানিতে তলিয়ে গেছে। এখনো ভাঙন অব্যাহত রয়েছে। সেখানে বালুর বস্তা ফেলা হচ্ছে।

মেহেরপুরে স্বামীকে খুন করার অপরাধে স্ত্রী সাফিয়া সহ ৪ জনের যাবজ্জীবন

মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর গ্রামের আলম হত্যার সাথে জড়িত থাকা ২য় স্ত্রী সাফিয়া খাতুন সহ ৪ জনের যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। এছাড়াও প্রত্যেকের ১০ হাজার টাকা জরিমানাও করা হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে অতিরিক্ত দায়রা জজ আদালতের বিচারকর রিপতি কুমার বিশ্বাস এ দণ্ডাদেশ প্রদান করেন। সাজাপ্রাপ্ত অন্য আসামীরা হলো চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের খোকন, চন্দ্রপুর গ্রামের গ্রামের মুকুল ও আলমডাঙ্গা উপজেলার ফরিদপুর গ্রামের আসাদুল।
মামলার বিবরণে জানা যায়, ২০০৭ সালের ৩১ জুলাই বলিয়ারপুর গ্রামের একটি পাট ক্ষেতে অজ্ঞাত ব্যাক্তির মরদেহ উদ্ধার করা হয়। পরে মর্গে থাকা অবস্থায় নিহত আলমের পরিবার লাশ শনাক্ত করে। এ ঘটনায় ঐদিনই সদর থানার এস.আই শওকত আলী বাদি হয়ে ৭/৮ জনকে অজ্ঞাত আসামী করে একটি হত্যা মমলা দায়ের করেন।
মামলা তদন্ত শেষে ২০০৭ সালের ৩০ সেপ্টম্বর ৪ জনকে আসামী করে আদালতে চার্জশিট দাখিল করেন তদন্ত কর্মকর্তা। আলমের স্ত্রীর সাথে

পরকিয়ার জের ধরেই এ হত্যাকান্ড ঘটানো হয় বলে চার্জশিটে উল্লেখ করা হয়। ১৫ জন সাক্ষির সাক্ষ্য গ্রহন শেষে বৃহস্পতিবার দুপুরে বিচারক এ দণ্ডাদেশ প্রদান করনে। রায় ঘোষণার পর আসামীদের মেহেরপুর জেলা কারাগারে নেওয়া হয়েছে।

ঝিনাইদহে মহাসড়ক অবরোধ করলেন বাস শ্রমিকরা

ইজিবাইক আটক ও টাকা আদায়ের অভিযোগে বৃহস্পতিবার ঝিনাইদহ বাস মালিক ও শ্রমিক ইউনিয়নের দুই সদস্য আটক করে পুলিশ। এ ঘটনার প্রতিবাদে মহাসড়ক অবরোধ করে বাস শ্রমিকরা। বৃহস্পতিবার বেলা ১২টা থেকে এ সড়ক অবোরধ করা হয়। এতে ঝিনাইদহের সাথে মাগুরা, যশোর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়াসহ সারা দেশের যান চলাচল প্রায় দু’ঘন্টা বন্ধ থাকে। ফলে যাত্রী সাধারনরা পড়ে চরম দুর্ভোগে। প্রায় দু’ঘন্টা সড়ক অবরোধের পর জেলা প্রশাসন ও পুলিশের আশ্বাসে সড়ক অবরোধ তুলে নেয় শ্রমিকরা। অভিযোগ পাওয়া গেছে, জলো শহরের বিভিন্ন প্রবেশ মুখে বাস মালিক সমিতি ও বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের নেতারা তল্লাসী বসিয়ে ইজিবাইক আটক করে।

আটককৃত ইজিবাইক ধরে মালিক সমিতির অফিসে এনে টাকা নিয়ে ছেড়ে দেওয়া হয়। এমন অভিযোগ করেন গ্রাম থেকে আসা ইজিবাইক চালকরা। একাধিক ইজিবাইক চালক অভিযোগ করেন তারা রোগী নিয়ে বা গ্রাম থেকে বৃদ্ধ মানুষদের টিকা দিতে ঝিনাইদহ শহরে প্রবেশের সময় তাদের ইজিবাইক আটক করে টাকা আদায় করা হয়।

প্রতিদিনি এভাবে হাজার হাজার টাকা ওঠানো হলেও আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী কোন পদক্ষেপ গ্রহন করে না বলে অভিযোগ। সাবেক পুলিশ সুপার হাসানুজ্জামান এ ধরণের চাঁদাবাজী ও শ্রমিক বিট সব বন্ধ করে দিলেও তা আবার চালু হয়েছে। জেলা ট্রাফিক পুলিশ এর ধৈতা নিয়ে প্রশ্ন তুলেছে। ট্রাফিক পরিদর্শক সালাউদ্দীন এ বিষয়ে জানান, একমাত্র পুলিশ ছাড়া কারো যানবাহন আটক করার রাইট নাই। যারা করেন তারা অবৈধ ভাবে করেন। তিনি বলেন বৃহস্পতিবার আসলে কি ঘটনা ঘটেছিল

তা সম্পর্কে তিনি অবগত নন।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, ইজিবাইক আটকের ক্ষমতা শ্রমিকদের নেই। যদি আইনশৃংখলা কমিটির রেজুলেশন থাকে তবেই বৈধতা পাবে। তার আগে ইজিবাইক আটক বা টাকা আদায় করা যাবে না। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা জানান, এ বিষয়ে জেলা প্রশাসক একটি সমাধান দিয়েছেন। কোন সংগঠন বিট বসিয়ে যানবাহন আটক করতে পারবে না। ঝিনাইদহ বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওয়ালিয়ার রহামান জানান, শহরের চুয়াডাঙ্গা বাস স্টান্ডে ইজি বাইকে যাত্রী উঠানো নিয়ে ইজি বাইক ও বাস শ্রমিকের মধ্যে বাকবিতান্ডার সৃষ্টি হয়। এক পর্যায়ে পুলিশ বাস মালিক সমিতির নেতা শান্তি কুমার দাস ও শ্রমিক নেতা ইমরান হোসেনকে আটক করে।

আটকের খবর ছড়িয়ে পড়লে শহরের আরাপপুর, টার্মিনাল, বাইপাস ও চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ডে অবস্থান নেয়। পরে শ্রমিকদের পুলিশ ছেড়ে দিলে দুই ঘন্টা পর অবরোধ তুলে নেওয়া হয়। ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা বলেন, শ্রমিকদের সাথে পুলিশের একটু ভুলবোঝাবুঝি হয়েছিল। আলোচনার এক পর্যায়ে উভয় পক্ষের সমঝোতার মাধ্যমে তাদের ছেড়ে দেওয়া হয়। পরে তারা সড়ক অবরোধ তুলে নেয়।

ঝিনাইদহে সোনা পাচারকারি চক্রের ১ সদস্য ডিবি হাতে গ্রেপ্তার

ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটী মোড় থেকে গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালয়ে ৬.৪০ গ্রাম সোনার গহনা জব্দ করেছে। সাথী পরিবহনের একটি বাসে এই সোনা পাচার করা হচ্ছিল। এ সময় ডিবি পুলিশের হাতে আটক হয়েছেন ফয়সাল আহম্মেদ নামে এক চোরাকারবারী। তিনি কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার স্বর্ণকার গ্রামের শহিদুল্লার ছেলে। ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম জানান, গোন সুত্রে কভর পেয়ে বৃহস্পতিবার সকাল ৮ টার দিকে সাধুহাটি বাসষ্ট্যান্ডে

স্পিডব্রেকারে তল্লাসী চৌকি স্থাপন করে ডিবি পুলিশের একটি দল। ডিবি পুলিশের কাছে আগেই খবর আসে চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা থেকে চোরাকারবারীরা স্বর্ণালংকার নিয়ে ঝিনাইদহের দিকে রওনা হয়েছে। পুলিশ সুপারের ভাষ্যমতে, সাথী পরিবহের বাসটি সাধুহাটী নামক স্থানে পৌছালে ডিবি পুলিশ গতিরোধ করে বাসটি তল্লাসী করে এবং ৬.৪০ গ্রাম ওজনের সোনার গহনাসহ ফয়সালকে আটক করে। তথ্য নিয়ে জানা গেছে, ঝিনাইদহ-চুয়াডাঙ্গা ও জীবননগর-কালীগঞ্জ সড়ক পথে দীর্ঘদিন থেকে সোনা চোরাচালানের নিরাপদ রুট হিসেবে ব্যবহার করছে চোরাকারবারীরা। মাঝেমধ্যে এ সব সোনা ও রুপার চালান ধরা পড়লেও বেশির ভাগ অধরাই থেকে যায় বলে কথিত আছে।

শৈলকুপায় ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান

ঝিনাইদহের শৈলকুপায় সড়ক দূর্ঘটনা রোধকল্পে ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে। বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলার কবিরপুর মোড়,চৌরাস্তা মোড় সহ শহরের বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে ঝিনাইদহ ট্রাফিক পুলিশ।
পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামের নির্দেশে ঝিনাইদহের ট্রাফিক ইন্সপেক্টর সালাউদ্দিনের নেতৃতে সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করে অবৈধ মোটরসাইকেল ও হেটমেট না থাকায় ২১ টি মোটরসাইকেল আটক ও ২৫ টি মামলা দায়ের করা হয়।
এসময় টিআই মশিউর,টিআই জিয়ারুল,সার্জেন্ট আসাদ,সার্জেন্ট শুভসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর সালাউদ্দিন জানান, অবৈধ মোটরসাইকেল ও হেটমেট ব্যাতিত মোটরসাইকেল আরোহীদের বিরুদ্ধে এ অভিযান অব্যাহত থাকবে ।

গুড নেইবারস্ বাংলাদেশের ২৫ বছর পুর্তি উপলক্ষ্যে বৃক্ষরোপন সপ্তাহের উদ্বোধন

মুজিবনগরে গুড নেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের উদ্যোগে সংস্থাটির ২৫ বছর পূর্তি উপলক্ষে সপ্তাহব্যাপী বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১টার দিকে বাগোয়ান ইউনিয়ন পরিষদে বৃক্ষরোপনের মধ্যদিয়ে পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন কর্মসূচির উদ্বোধন করেন।
এছাড়াও বিভিন্ন স্কুল, কলেজ, ধর্মীয় প্রতিষ্ঠানে এই বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়ন করা হবে।
গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপি এর পক্ষে এই বৃক্ষরোপন অভিযান পরিচালনা করা হবে।
সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ উদ্বোধনী কর্মসূচিতে উপস্হিত ছিলেন কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটির সভাপতি ইউপি সদস্য মিঃ শংকর বিশ্বাস, অত্র প্রজেক্ট ম্যানেজার মিঃ লিংকন রায়, এ্যাডমিন অফিসার, মিঃ পলাশ বাড়ৈ, প্রোগ্রাম অফিসার তসলিমা খাতুন প্রমুখ। এছাড়া স্থানীয় সেচ্ছাসেবকবৃন্দ এই বৃক্ষরোপন কর্মসূচিতে সহযোগিতা করেন।
গুড নেইর্বারস বাংলাদেশ ১৯৯৬ সাল হতে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্ন্য়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন: শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন: সমবায় ভিিওক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও নারী উন্নয়ন; যুব উন্নয়ন: স্থানিয় যুবকদের জন্য কর্মমূখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছাসেবক কার্যক্রম পরিচালনা করে আসছে।